

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৬৩

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - মানুষের মধ্যে পরিবর্তন আসা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ تغير النَّاس)

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا مَشَتْ أُمَّتِي الْمُطَيْطَاء وَخَدَمَتْهُمْ أَبْنَاءُ الْمُلُوكِ أَبْنَاءُ فَارِسَ وَالرُّومِ سَلَّطَ اللَّهُ شِرَارَهَا عَلَى خِيَارِهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

سنده ضعیف ، رواه الترمذی (2261) * موسی بن عبیدة ضعیف و روی ابن حبان فی صححہ (الاحسان: 6811 / 6716) ان النبی صلی اللہ علیہ و آلہ وسلم قال: ((اذا مشت امتی المطیطاء وخد متهم فارس و الروم سلّط بعضهم علی بعض ۔)) و سنده حسن وهو یغنی عنہ ۔

বাংলা

৫৩৬৩-[8] ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: যখন আমার উম্মত গর্বের সাথে চলতে লাগবে এবং রাজা-বাদশাহদের সন্তানরা তথা পারস্য ও রূমের রাজ কুমাররা এদের খিদমতে রত থাকবে, তখন আল্লাহ তা'আলা উম্মতের খারাপ লোকেদেরকে ভালো লোকদের ওপর শাসক হিসেবে চাপিয়ে দেবেন। [ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, হাদীসটি গরীব]

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ২২৬১, সিলসিলাতুস সহীহাহ ৯৫৭, সহীহুল জামি ৮০১।

ব্যাখ্যা



ব্যাখ্যা:(إِذَا مَشَتْ أُمَّتِي الْمُطَيْطَاء): যখন আমার উম্মাত অহমিকা বেশে দু'হাত দুলিয়ে চলবে।
(إِذَا مَشَتْ أُمُّتِي الْمُطَيْطَاء): এবং রোম ও পারস্যের সন্তানরা তাদের খাদেম হবে এবং তাদের আনুগত্য করবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন